# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
## Insurance Development & Regulatory Authority (IDRA)

নং-বীঃউঃনিঃকঃ/নন-লাইফ/২২৫৭/২০১২- ১৬২৩

তারিখ ঃ ০৫ কার্তিক, ১৪২১ বং
২০ অক্টোবর, ২০১৪ খ্রিঃ

চেয়ারম্যান
ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড
রূপায়ণ তাজ (৩য় তলা)
১,১/১, নয়াপল্টন
ঢাকা-১০০০।

বিষয়ঃ ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড এর মূখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ কোম্পানীর স্মারক নংঃ আইআইবিএল/এইচও/বোর্ড/২০১৪-১৭৪৩, তারিখঃ ০৪/০৬/২০১৪ ইং।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে আপনাদের জানানো যাচ্ছে যে, আপনাদের কোম্পানীর প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব " মোঃ আব্দুল মতিনকে" বীমা কোম্পানী (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর বিধান অনুযায়ী মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ অনুমোদন প্রদান করা হলো। এই নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে এক (০১) বছর পর্যন্ত। উল্লেখ্য যে, তিনি বীমা আইন ২০১০, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং সংশ্লিষ্ট সকল আইন ও বিধানাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক কোম্পানী পরিচালনার জন্য দায়ী থাকবেন। তবে শর্ত থাকে যে, চুক্তিকালীন সময়ে চুক্তিতে বর্ণিত মোট বেতন ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা এবং প্রদেয় অন্যান্য আর্থিক সুবিধাদির কোনরূপ তারতম্য করা যাবে না।

আপনাদের বিশ্বস্ত,

Hussain

(মোঃ দেলোয়ার হোসেন)
অফিসার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য )
১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
২। সদস্য মহোদয়বৃন্দের ব্যক্তিগত কর্মকর্তা।
৩। অফিস কপি।

SBC Tower (8th Floor), 37/A Dilkusha C/A, Dhaka-1000, Bangladesh
Phone: 880-2-9565548, 9553503, 9587617 Fax: 880-2-9565056, 9570360 Web: www.idra.org.bd

নং-বীঃউঃনিঃকঃ/নন-লাইফ/২২৫৭/২০১২-(অংশ-০১)-৪৫

২৭ পৌষ, ১৪২২ বং
তারিখ ঃ
১০ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ

চেয়ারম্যান
ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড
রূপায়ণ তাজ (৩য় তলা)
১,১/১, নয়াপল্টন
ঢাকা-১০০০।

**বিষয়ঃ ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড এর মূখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ নবায়ন অনুমোদন প্রসঙ্গে।**

সূত্রঃ কোম্পানীর স্মারক নংঃ আইআইবিএল/এইচও/বোর্ড/২০১৫-৩৫৮৪, তারিখঃ ২৭/১০/২০১৫ ইং।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের কোম্পানি হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরিত প্রস্তাব ও এর সঙ্গে সংযোজিত নিয়োগ চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে বীমা আইন ২০১০, বীমা কোম্পানী (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর বিধানাবলী পরিপালিত হওয়ায় এবং সকল প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক ছিন্ন করার শর্তে **"জনাব মোঃ আব্দুল মতিনকে"** ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেডের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে ৩০ অক্টোবর, ২০১৫ ইং তারিখ হতে ২৯ অক্টোবর, ২০১৭ ইং তারিখ পর্যন্ত (০২) দুই বছরের জন্য নিয়োগ নবায়নের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

০২। তিনি মাসিক সর্বসাকুল্যে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বেতন পাবেন এবং চুক্তিপত্রে বর্ণিত অন্যান্য সুবিধাদি পাবেন। উল্লেখ্য যে, চুক্তিকালীন সময়ে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত চুক্তিপত্রে বর্ণিত তার বেতন ও অন্যান্য সুবিধাদির কোনরূপ তারতম্য করা যাবে না।

০৩। তিনি বীমা আইন ২০১০, বীমা বিধি-বিধান ও সংশ্লিষ্ট অন্যান্য আইন পরিপালন পূর্বক কোম্পানী পরিচালনার দায়িত্ব পালন করবেন। চুক্তিকালীন সময়ে মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োজিত থাকাকালীন অন্য কোন কোম্পানী, প্রতিষ্ঠান বা সংস্থায় কোনভাবে কর্মরত থাকতে পারবেন না।

০৪। উল্লেখ্য যে, মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদির উপর প্রদেয় আয়কর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিজে বহন করবেন।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আবুল হাসনাত)
অফিসার।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)
১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
২। সদস্য মহোদয়বৃন্দের ব্যক্তিগত কর্মকর্তা।
৩। অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
নিয়োগ শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

নং-৫৩.০৩.০০০০.০৫২.১১.০১১.১৮. ১৬ তারিখঃ ০১ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড এর মূখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ নবায়ন অনুমোদন প্রসঙ্গে।**
সূত্রঃ আইআইবিএল/এইচও/বিএস/২০১৭/৫২১৭, তারিখঃ ২২-১০-২০১৭।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের কোম্পানি হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরিত প্রস্তাব ও এর সঙ্গে সংযোজিত নিয়োগ চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে বীমা আইন ২০১০, বীমা কোম্পানি (মুখ্য নিবহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর বিধানাবলী পরিপালিত হওয়ায় **"জনাব মোঃ আব্দুল মতিনকে"** ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেডের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে ৩০ অক্টোবর, ২০১৭ খ্রিঃ তারিখ হতে ২৯ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত দুই (০২) বছরের জন্য নিয়োগ নবায়ন এর অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

০২। তিনি মাসিক সর্বসাকুল্যে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বেতন-ভাতা এবং চুক্তিপত্রে বর্ণিত অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন। উল্লেখ্য, চুক্তিকালীন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত চুক্তিপত্রে বর্ণিত তার বেতন ও অন্যান্য সুবিধাদির কোনরূপ তারতম্য করা যাবে না।

০৩। তিনি বীমা আইন ২০১০, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০, বীমা বিধি-বিধান ও সংশ্লিষ্ট অন্যান্য আইন পরিপালন পূর্বক কোম্পানি পরিচালনার দায়িত্ব পালন করবেন। চুক্তিকালীন মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োজিত থাকাকালীন অন্য কোন কোম্পানি, প্রতিষ্ঠান বা সংস্থায় কোনভাবে কর্মরত থাকতে পারবেন না।

০৪। মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদির উপর প্রদেয় আয়কর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিজে বহন করবেন।

01.02.2018

(কামরুল হক মারুফ)
পরিচালক
ফোনঃ ৯৫৬৫৫৪৮

চেয়ারম্যান
ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড
ডি.আর টাওয়ার (১২ তম তলা)
বক্স কালভার্ট রোড
৬৫/২/২, পুরানা পল্টন
ঢাকা-১০০০।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)
১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব।
২। সদস্য মহোদয়বৃন্দের ব্যক্তিগত কর্মকর্তা।
৩। অফিস কপি।